

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
সলিসিটর অনুবিভাগ(জিপি/পিপি শাখা)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

নং-সলিসিটর/জিপি-পিপি (নেত্রকোণা)-০৮/২০০৯-৯০

তারিখ: ১১/০৭/২০২৪ খ্রি.

প্রেরক : মোঃ আব্দুছ ছালাম মন্ডল
সিনিয়র সহকারী সচিব (জিপি/পিপি)।


প্রাপক : জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

বিষয় : নেত্রকোণা জেলা'র নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর জনাব রাসেল আহাম্মদ খান-এর নিয়োগ আদেশ বাতিলপূর্বক অব্যাহতি প্রদান।

সূত্র: সলিসিটর অনুবিভাগ(জিপি/পিপি শাখা) এর ১৪/০৫/২০২৪ তারিখের সলিসিটর/জিপি/পিপি (নেত্রকোণা)-০৮/২০০৯-৬১নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নেত্রকোণা-এর পাবলিক প্রসিকিউটর জনাব রাসেল আহাম্মদ খান ০৬/০৪/২০১৩ তারিখে আইনজীবী হিসেবে নেত্রকোণা জেলা আইনজীবী সমিতিতে যোগদান করেন। কিন্তু ২৮/০৩/২০১৭ তারিখে তাঁকে উক্ত ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর পদে নিয়োগ দানের সময় আইনজীবী হিসেবে তাঁর পেশার মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়নি, যা এল আর ম্যানুয়াল, ১৯৬০ এর CHAPTER II এর Rule 17 (ix)-এ বর্ণিত বিধানের সুস্পষ্ট লঙ্ঘন। সে কারণে নিয়োগবিধির যথাযথ প্রতিপালনসহ রাষ্ট্রের স্বার্থ সম্মুখ রাখার জন্য পাবলিক প্রসিকিউটরের মতো একটি গুরুত্বপূর্ণ পদে তাঁকে বহাল রাখা সমীচীন না হওয়ায় অত্র মন্ত্রণালয়ের ২৮/০৩/২০১৭ তারিখের সলিসিটর/জিপি-পিপি (নেত্রকোণা)-০৮/২০০৯-২৭ নং স্মারকমূলে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নেত্রকোণা-এর পাবলিক প্রসিকিউটর পদে তাঁর নিয়োগ আদেশ বাতিলপূর্বক তাঁকে উক্ত পদ হতে অব্যাহতি দেওয়া হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ আব্দুছ ছালাম মন্ডল)
সিনিয়র সহকারী সচিব (জিপি/পিপি)
ফোন- ৫৫১১০৩৯২।

নং-সলিসিটর/জিপি-পিপি (নেত্রকোণা)-০৮/২০০৯-৯০

তারিখ: ১১/০৭/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা ও দায়রা জজ, নেত্রকোণা।
- ২। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নেত্রকোণা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নেত্রকোণা।
- ৬। পাবলিক প্রসিকিউটর, নেত্রকোণা।
- ৭। জনাব রাসেল আহাম্মদ খান, পাবলিক প্রসিকিউটর (অব্যাহতি প্রাপ্ত), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নেত্রকোণা।
- ৮। সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। গার্ড ফাইল।


(মোঃ আব্দুছ ছালাম মন্ডল)
সিনিয়র সহকারী সচিব (জিপি/পিপি)।